গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আমতলী, বরগুনা।
www.amtali.barguna.gov.bd

## "১৪৩১ বঙ্গাব্দের জন্য হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি"

এতদ্বারা সর্বসাধারণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, বরগুনা জেলাধীন আমতলী উপজেলায় নিম্নবর্ণিত হাট-বাজারসমূহ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে বাংলা ১৪৩১ সালের জন্য (১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত) একসনা ইজারা দরপত্র আহবান করা যাচ্ছে। উক্ত দরপত্র সংক্রান্ত সিডিউল নির্ধারিত মূল্যে (অফেরৎযোগ্য) নিম্নোক্ত তারিখে অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়সহ জেলা প্রশাসক বরগুনা, সহকারী কমিশনার (ভূমি), আমতলী, সোনালী ব্যাংক লিমিটেড আমতলী শাখা, অফিসার ইনচার্জ, আমতলী থানা কার্যালয়ে পাওয়া যাবে। যে কোন তফসিলভূক্ত ব্যাংক হতে দরপত্রদাতা কর্তৃক উদ্ধৃত দরের ৩০% অর্থ ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, আমতলী এর অনুকূলে দরপত্রের সাথে সংযোজন করে নির্ধারিত সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়সহ সহকারী কমিশনার (ভূমি) আমতলী, পুলিশ সুপার, বরগুনা ও জেলা প্রশাসক, বরগুনা'র কার্যালয়ে রক্ষিত টেন্ডার বাক্সে সিলগালাযুক্ত খামে দরপত্র দাখিল করা যাবে এবং দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) নিম্নে উল্লিখিত তারিখ ও সময়ে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে দরপত্র খোলা হবে। দরপত্রের বিস্তারিত শর্তাবলী অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে। ইজারা বিজ্ঞপ্তির প্রথম তারিখে কোন হাট-বাজার ইজারা না হলে পরবর্তী তারিখে পর্যায়ক্রমে উহার ইজারা কার্যক্রম চলমান থাকবে। যে কোন দরপত্র কারণ দর্শানো ব্যতিত কর্তৃপক্ষ বাতিল বা গ্রহণ করার ক্ষমতা সংরক্ষণ করেন। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, প্রশাসন-২ শাখা এর ২১ সেপ্টেম্বর, ২০১১ খ্রি:/০৬ আশ্বিন,১৪১৮ বঙ্গাব্দ তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১-৮৭০ নং স্মারকে জারীকৃত সরকারি হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা,ইজারা পদ্ধতি এবং ইহা হতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালার আলোকে এই বিজ্ঞপ্তি জারী করা হলো।

### ১৪৩১ বঙ্গাব্দের হাট-বাজারের তালিকা ও সম্ভাব্য সরকারি মূল্য

| ক্র: নং | হাট-বাজারের নাম | ইউনিয়ন | সরকারি মূল্য | সিডিউল মূল্য |
|---|---|---|---|---|
| ১. | গুলিশাখালী হাট-বাজার | গুলিশাখালী | ৩,৭৭,৫৪২/- | ১,৪০০/- |
| ২. | কলাগাছিয়া হাট-বাজার | ঐ | ৭,৮৮,৮৪৫/- | ২,২০০/- |
| ৩. | খেকুয়ানী হাট-বাজার | ঐ | ৮,৪৫,১৫৫/- | ২,৪০০/- |
| ৪. | গোজখালী হাট-বাজার | ঐ | ৫,৯৪,০৩৫/- | ১,৮০০/- |
| ৫. | সওদাগর হাট | ঐ | ১৮,৩৬১/- | ৫০০/- |
| ৬. | চুনাখালী হাট-বাজার | কুকুয়া | ৬১,৯৫,৩১২/- | ১৩,০০০/- |
| ৭. | হাজার টাকার বাঁধ হাট | ঐ | ৩,০৩,১৪৭/- | ১,৪০০/- |
| ৮. | কুকুয়া হাট-বাজার | ঐ | ২,৭৮,১৩৯/- | ১,২০০/- |
| ৯. | আমড়াগাছিয়া হাট বাজার | ঐ | ৮,৯৫,৪৭৩/- | ২,৪০০/- |
| ১০. | গাজীপুর হাট বাজার | আঠারগাছিয়া | ২০,৭৫,৮৪৭/- | ৪,৮০০/- |
| ১১. | চাউলা হাট-বাজার | ঐ | ৬২,৮২৩/- | ৫০০/- |
| ১২. | গেরাবুনিয়া হাট-বাজার | ঐ | ৯৬,৯১৯/- | ৫০০/- |
| ১৩. | চিলা বিশ্বাসের হাট | হলদিয়া | ২৫,৭৯৩/- | ৫০০/- |
| ১৪. | দক্ষিণ তক্তাবুনিয়া হাট | ঐ | ১,২১,৯০০/- | ১০০০/- |
| ১৫. | সেনের হাট | ঐ | ৩,৬৮৭/- | ৫০০/- |
| ১৬. | সুবন্দির হাট | ঐ | ৬৬,৩০৩/- | ৫০০/- |
| ১৭. | কালীগঞ্জ হাট | ঐ | ৩,৫৩৪/- | ৫০০/- |
| ১৮. | দফাদারের হাট | ঐ | ৭,৫২৬/- | ৫০০/- |
| ১৯. | জুলেখার হাট | ঐ | ৩,৯৯৩/- | ৫০০/- |
| ২০. | ডৌয়াতলা হাট | ঐ | ৩,৮৬৯/- | ৫০০/- |
| ২১. | টেপুরা হাট বাজার | ঐ | ৯,০২৬/- | ৫০০/- |
| ২২. | হলদিয়া হাট বাজার | হলদিয়া | ১,২৭২/- | ৫০০/- |
| ২৩. | রামজির হাট | ঐ | ৮১৩/- | ৫০০/- |
| ২৪. | ঘুঘুমারি হাট | ঐ | ৭২৫/- | ৫০০/- |
| ২৫. | উত্তর টিয়াখালী হাট | আমতলী | ১,৩৪,৬৪৬/- | ১০০০/- |
| ২৬. | পুঁজাখোলা হাট বাজার | ঐ | ৫,০১৭/- | ৫০০/- |
| ২৭. | চলাভাঙ্গা হাট | ঐ | ৪৮৫/- | ৫০০/- |
| ২৮. | মরিচবুনিয়া হাট | ঐ | ৬১৭/- | ৫০০/- |
| ২৯. | মহিষডাঙ্গা হাট | ঐ | ৬১৭/- | ৫০০/- |
| ৩০. | চন্দ্রা হাট | চাওড়া | ৭০৭/- | ৫০০/- |
| ৩১. | তালুকদার হাট | ঐ | ৫,৯০,৫৩৮/- | ১,৮০০/- |
| ৩২. | তারিকাটা এমপির হাট | আড়পাঙ্গাশিয়া | ১২,৭৭৬/- | ৫০০/- |
| ৩৩. | আড়পাঙ্গাশিয়া হাট | ঐ | ৮,৩৫,১৭৪/- | ২,৪০০/- |
| ৩৪. | চরকগাছিয়া হাট | ঐ | ১,২৩৭/- | ৫০০/- |
| ৩৫. | ঘোপখালী হাট | ঐ | ২,৩৮৮/- | ৫০০/- |

## -ঃ ক্যালেন্ডার ঃ-

| পর্যায় | দরপত্র বিক্রয়ের তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় | দরপত্র মূল্যায়ন কমিটির সভার তারিখ ও সময় |
|---|---|---|---|---|
| ১ম বার | ০৪-০২-২০২৪ হতে ১৮-০২-২০২৪ | ২২-০২-২০২৪ সকাল ৯-০০ টা হতে দুপুর ১২-০০ টা পর্যন্ত | ২২-০২-২০২৪ দুপুর ২.০০ টা | ২২-০২-২০২৪ বিকাল ০৩.০০ টা |
| ২য় বার | ০৩-০৩-২০২৪ হতে ০৭-০৩-২০২৪ | ১১-০৩-২০২৪ সকাল ৯-০০ টা হতে দুপুর ১২-০০ টা পর্যন্ত | ১১-০২-২০২৪ দুপুর ০২-০০ টা | ১১-০৩-২০২৪ বিকাল ৩.০০ টা |
| ৩য় বার | ২০-০৩-২০২৪ হতে ২৫-০৩-২০২৪ | ২৮-০৩-২০২৪ সকাল ৯-০০ টা হতে দুপুর ১২-০০ টা | ২৮-০৩-২০২৪ দুপুর ০২-০০ টা | ২৮-০৩-২০২৪ বিকাল ৩.০০ টা |

## শর্তাবলী

১. বাংলা ১৪৩১ সনের ১লা বৈশাখ হইতে বাংলা ১৪৩১ সনের ৩০ শে চৈত্র ০১ (এক) বছর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

২. **দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, আমতলী এর অনুকূলে জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।** উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করিলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তাহা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারী বরাবর প্রত্যার্পণ করা হবে।

৩. **যাহার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে। অন্যথায় বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।**

৪. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হইবে এবং উক্ত দর যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্য হইতে কম হয় তাহা হইলে দ্বিতীয়/তৃতীয় পর্যায় পুণরায় দরপত্র আহ্বান করা হইবে।

৫. এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য হাট-বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবেনা। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহ্বানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

৬. **খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।**

৭. সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

৮. **প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।**

৯. ইজারাদার কোন ক্রমে হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না।

১০. ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১. দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১২. ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৩. ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪. **কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।**

১৫. **নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকি জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।**

১৬. হাট-বাজারের ইজারার টাকা অনাদায়ী থাকলে সরকারি পাওনা আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭. চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৮. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৯. প্রথম বার দরপত্র পাওয়া গেলে এবং দাখিলকৃত দরপত্র অনুমোদিত হলে দ্বিতীয় বারে ঐ হাট-বাজারটির নাম দরপত্র বিজ্ঞপ্তি থেকে বাদ দেয়া হয়েছে বলে গন্য করতে হবে। দ্বিতীয় বার দরপত্র পাওয়া গেলে এবং দাখিলকৃত দরপত্র অনুমোদিত হলে তৃতীয় বারে ঐ হাট-বাজারটির নাম দরপত্র বিজ্ঞপ্তি থেকে বাদ দেয়া হয়েছে বলে গণ্য করতে হবে। এ সংক্রান্ত তথ্য এ কার্যালয় হতে জানা যাবে।

০১/০২/২০২৪


(মুহাম্মদ আশরাফুল আলম)
উপজেলা নির্বাহী অফিসার
আমতলী, বরগুনা।
ফোন: ০২৪৭৮৮৮৭৫০৫
E-mail: unoamtali@mopa.gov.bd


স্মারক নং ০৫.১০.০৪০৯.০০১.১৫.০০১.২২- ১২২

তারিখ ঃ ১৮ মাঘ ১৪৩১ / ০১ ফেব্রুয়ারি ২০২৪ ।

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল বিভাগ, বরিশাল।
৩. জেলা প্রশাসক, বরগুনা।
৪. পুলিশ সুপার, বরগুনা।
৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, বরগুনা।
৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আমতলী, বরগুনা।
৭. উপজেলা নির্বাহী অফিসার, বরগুনা সদর/পাথরঘাটা/বেতাগী/বামনা/তালতলী, বরগুনা।
৮. সহকারী কমিশনার (ভূমি), আমতলী, বরগুনা।
৯. উপজেলা..........................................কর্মকর্তা, আমতলী, বরগুনা।
১০. অফিসার-ইন-চার্জ, আমতলী থানা, বরগুনা। তাকে দরপত্র দাখিলের দিন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে সকাল ৯.০০ ঘটিকায় প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়নের জন্য অনুরোধ করা হলো।
১১. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড, আমতলী শাখা, বরগুনা।
১২. চেয়ারম্যান, .....................................ইউপি (সকল), আমতলী,বরগুনা। তার ইউনিয়নের সকল হাট-বাজারে মাইকিং এর মাধ্যমে ইজারা বিজ্ঞপ্তির ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৩. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,.......................................(সকল), ইউনিয়ন ভূমি অফিস, আমতলী, বরগুনা। তার ভূমি অফিসাধীন সকল হাট-বাজারে মাইকিং ও ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৪. সম্পাদক/বিজ্ঞাপন ব্যবস্থাপক, দৈনিক সৈকত সংবাদ, বরগুনা। (উপরোক্ত বিজ্ঞপ্তিটি তার পত্রিকায় ছুটির দিন ব্যতিত আগামী ০৪.০২.২০২৪ তারিখের মধ্যে সিঙ্গেল স্পেসে একবার মাত্র প্রকাশের ব্যবস্থা গ্রহণ করত: প্রকাশিত বিজ্ঞপ্তি সম্বলিত পত্রিকার ০২ (দুই) কপি পত্রিকার বিলসহ এ কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।
১৫. সম্পাদক/বিজ্ঞাপন ব্যবস্থাপক, দৈনিক সমকাল, ঢাকা। (উপরোক্ত বিজ্ঞপ্তিটি তার পত্রিকায় ছুটির দিন ব্যতিত আগামী ০৪.০২.২০২৪ তারিখের মধ্যে সিঙ্গেল স্পেসে একবার মাত্র প্রকাশের ব্যবস্থা গ্রহণ করত: প্রকাশিত বিজ্ঞপ্তি সম্বলিত পত্রিকার ০২ (দুই) কপি পত্রিকার বিলসহ এ কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।
১৬. পোষ্ট মাস্টার, আমতলী, বরগুনা।
১৭. নোটিশ বোর্ড।
১৮. সভাপতি/সম্পাদক ..........................................................................................................................
১৯. ইজারাদার ...................................................................................................................................
২০. অফিস কপি।

০১/০২/২০২৪


(মুহাম্মদ আশরাফুল আলম)
উপজেলা নির্বাহী অফিসার
আমতলী, বরগুনা।
ফোন: ০২৪৭৮৮৮৭৫০৫
E-mail: unoamtali@mopa.gov.bd